28 DEC 1997

দৈনিক সংবাদ

তারিখ ... 28 DEC 1997 ...
পৃষ্ঠা 2 কলাম 4 ....

124

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতি নির্বাচনে ১৫ পদে প্রার্থী ৩০ জন

।। এন এম জাহাঙ্গীর আলম আকাশ ।।

রাজশাহী বিশ্ববিদ্যালয়, ২৭শে ডিসেম্বর।– রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনে আজ দু'টি প্যানেল জমা পড়েছে। কার্যকরী পরিষদের ১৫টি পদে দু'টি প্যানেলে মোট ৩০ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র দাখিল করেছেন।

আওয়ামী লীগ, বাম ও বিএনপি সমর্থিত যৌথ প্যানেলে (হলুদ–সাদা) সভাপতি পদে প্রফেসর আবদুর রাজ্জাক (পরিসংখ্যান), সহ–সভাপতি প্রফেসর এম আবদুল হালিম (সমাজকর্ম), কোষাধ্যক্ষ প্রফেসর চাঁদ মোঃ মোস্তফা (ফলিত রসায়ন ও রাঃ প্রঃ), সাধারণ সম্পাদক প্রফেসর এম, মোজাফফর হোসেন (ফলিত পদার্থ ও ইলেঃ), যুগ্মসম্পাদক এম শহিদুল্লাহ (ইংরেজি) এবং সদস্য পদে অধ্যাপক এম, শহিদুল ইসলাম (ফলিত রসায়ন ও রাঃ প্রঃ), কে বি এম মাহবুবুর রহমান (অর্থনীতি), এম আখতার ফারুক (রসায়ন), এম জমসেদ আলী সরকার (পদার্থ), আবদুল কুদ্দুস (ফাইন্যান্স ও ব্যাংকিং), প্রফেসর নুরুল আবসার (প্রাণ–রসায়ন), এ কে, এম মুস্তাফিজুর রহমান আল আরিফ (মার্কেটিং), এম আমিনুল হক (পরি–সংখ্যান), এম গোলাম কবির (পরিসংখ্যান), প্রফেসর এম আবদুল হামিদ (দর্শন) মনোনয়নপত্র জমা দিয়েছেন।

প্রফেসর আবদুল কাদির ভুঁইয়ার নেতৃত্বাধীন 'মডারেট গ্রুপ' বলে পরিচিত সাদা প্যানেল থেকে সভাপতি পদে প্রফেসর এম আজহার আলী (রসায়ন), সহ–সভাপতি পদে প্রফেসর সৈয়দ রফিকুল আলম রুমি (ভূগোল ও পরিবেশবিদ্যা), কোষাধ্যক্ষ পদে এম নজরুল ইসলাম (রাষ্ট্রবিজ্ঞান), সাধারণ সম্পাদক পদে এম আশরাফুজ্জামান (সমাজকর্ম), যুগ্ম–সম্পাদক পদে এম শাহেদ জামান (রসায়ন) এবং সদস্য পদে প্রফেসর এন আই এম আবদুস সালাম ভুঁইয়া (প্রাণিবিদ্যা), শেখ কবিরউদ্দিন হায়দার (সমাজকর্ম) ও প্রফেসর সুলতান আহমেদ (ইসঃ ইতিহাস ও সংস্কৃতি), এম, আবু বকর (ফলিত রসায়ন ও রাসাঃ প্রঃ), প্রফেসর এম আবুল বাশার মিয়া (পরিসংখ্যান), আফরাফউজ্জামান খান চৌধুরী (ফাইন্যান্স ও ব্যাংকিং), প্রফেসর এম, নূরুল আমিন (উদ্ভিদবিদ্যা), এম জগলুল হায়দার (রাষ্ট্রবিজ্ঞান), এ টি এম ওবায়দুল্লাহ (লোক প্রশাসন), প্রফেসর এম আবদুল কাদির ভূঁইয়া (সমাজবিজ্ঞান) মনোনয়নপত্রজমাদিয়েছেন।

আওয়ামী লীগ, বাম ও বিএনপি সমর্থিত যৌথ প্যানেলের নেতৃত্ব দিচ্ছেন প্রফেসর হাসান আজিজুল হক, প্রফেসর জুলফিকার মতিন, প্রফেসর মিজান উদ্দিন, প্রফেসর এম, এ হামিদ, প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকী ও অধ্যাপক এম, আব্বাস আলী। মডারেট গ্রুপ সমর্থিত প্যানেলের নেতৃত্ব দিচ্ছেন প্রফেসর এম আজহার আলী।

রাঃ বিঃ শিক্ষক সমিতি কার্যকরী সংসদ নির্বাচন '৯৮'র নির্বাচন পরিচালক ডঃ মোঃ জাহিদুল হাসান 'সংবাদ'–কে জানান, মোট ভোটারের সংখ্যা ৫৫৮। নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ৫ই জানুয়ারি। আগামী ২৯শে ডিসেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন।